

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠান ও অন্যান্য হোসেন যাদিক মিয়া

চান্দিনায় ১১ শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ পাস, স্কুলের চেয়ে মাদ্রাসা এগিয়ে

 ০৮ মে, ২০১৮ ইং ০০:০০ মিঃ

চান্দিনা ও বুড়িচং (কুমিল্লা) সংবাদদাতা

এসএসসি-দাখিল ও সমমান পরীক্ষার ফলাফলে চান্দিনা উপজেলার ১১টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা শতভাগ পাসের পৌরব অর্জন করেছে। এর মধ্যে ১০টি মাদ্রাসা এবং একটি উচ্চ বিদ্যালয় রয়েছে। রবিবার কুমিল্লা বোর্ড, বাংলাদেশ মাদ্রাসা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ফলাফল প্রকাশে এ তথ্য নিশ্চিত করে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস।

উপজেলার ১০টি শতভাগ সাফল্য অর্জনকারী প্রতিষ্ঠানের মধ্যে আবেদানুর ফাজিল মাদ্রাসার ২৮জন পরীক্ষার্থীর মধ্যে ছয়জন জিপিএ-৫, বাতাঘাসী ইসলামিয়া দাখিল মাদ্রাসার ১৭জন, মোহনপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসায় ৪২জনের মধ্যে একজন জিপিএ-৫, বড়ইয়া কৃষ্ণপুর ফাজিল মাদ্রাসার ৫৬জন, লক্ষ্মীপুর আলিম মাদ্রাসা ৩১জনের মধ্যে তিনজন জিপিএ-৫, পানিপাড়া আলিম মাদ্রাসার ২৩জন, পূর্ব মাইজখার মহিলা দাখিল মাদ্রাসার ২১জন, অম্বরপুর বাইতুল জামাত দাখিল মাদ্রাসার ২২জন, দেওয়ানুল উলুম দাখিল মাদ্রাসায় ২৬ জন এবং কংগাই পশ্চিমপাড়া মহিলা দাখিল মাদ্রাসার ছয়জন রয়েছে। অপরদিকে একমাত্র আবেদানুর বালিকা উচ্চ বিদ্যালয় শতভাগ পাসের পৌরব অর্জন করে। ওই বিদ্যালয় থেকে ৬৪জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে ১৩ জন জিপিএ-৫ সহ শতভাগ পাস করে।

তারপ্রাণে সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত